ইরানে নতুন সামরিক অভিযান শুরু করেছে যুক্তরাষ্ট্র: সেন্টকম



ছবি: আল জাজিরা

ইরানের বিরুদ্ধে নতুন করে সামরিক অভিযান শুরু করেছে যুক্তরাষ্ট্র বলে জানিয়েছে মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)। বুধবার (১৫ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে এ তথ্য প্রকাশ করা হয়। আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল-জাজিরাও বিষয়টি নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে।

সেন্টকমের পোস্টে বলা হয়, বুধবার সকাল ৬টা থেকে মার্কিন বাহিনী ইরানের বিভিন্ন সামরিক সক্ষমতাকে লক্ষ্য করে ধারাবাহিক অভিযান পরিচালনা করছে। বিশেষ করে হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজ চলাচলে বাধা সৃষ্টি বা হামলার জন্য ব্যবহৃত ইরানের সামরিক অবকাঠামো দুর্বল করাই এসব অভিযানের মূল লক্ষ্য।

প্রতিবেদনে বলা হয়, ইরানের বিরুদ্ধে টানা চতুর্থ রাতের হামলার কয়েক ঘণ্টার মধ্যেই নতুন এই সামরিক কার্যক্রম শুরু হয়।

অন্যদিকে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানি জাহাজ চলাচলের ওপর অবরোধ পুনর্বহালের ঘোষণা দেওয়ার পর হরমুজ প্রণালী বন্ধ করে দেওয়ার হুঁশিয়ারি দিয়েছে তেহরান। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের সামরিক স্থাপনা ও সরঞ্জামের বিরুদ্ধে প্রতিশোধমূলক পদক্ষেপ চালিয়ে যাওয়ার কথাও জানিয়েছে ইরান।

এ পরিস্থিতির মধ্যে বুধবার জর্ডান, বাহরাইন ও কুয়েতে নতুন করে হামলার খবর পাওয়া গেছে। এর ফলে এর আগে ঘোষিত অন্তর্বর্তীকালীন যুদ্ধবিরতির সম্ভাবনা কার্যত ভেস্তে গেছে বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি ইরানকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক অভিযানের পর মধ্যপ্রাচ্যে উত্তেজনা আরও বেড়ে যায়। এ অবস্থায় তেহরান আলোচনায় না ফিরলে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও গুরুত্বপূর্ণ অবকাঠামো লক্ষ্য করে আরও হামলার হুঁশিয়ারি পুনর্ব্যক্ত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।